স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

অষ্টম পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) নিউজ এজেন্সির সংবাদ প্রতিবেদকের কাজ সম্পর্কে বিস্তারিত আলোচনা করে একজন সাফল্যকামী প্রতিবেদকের কী কী বৈশিষ্ট্য থাকা বাঞ্ছনীয় বুঝিয়ে দিন।

(খ) সংবাদপত্রের অঙ্গসজ্জার মূলনীতি বলতে কী বোঝানো হয় এবং তার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করুন।

(গ) অনুবাদ চর্চার কারণ ও বাংলা ভাষা ও সাহিত্যে অনুবাদ চর্চার বিকাশ ও প্রকরণ সম্পর্কে আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) 'অনুবাদ' আর 'রূপান্তর'-এর পার্থক্য বুঝিয়ে দিন। বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথ বহু বিচিত্র রচনার নব নব রূপ-রূপান্তর করেছেন। তাঁর কবিতা, গল্প বা উপন্যাস থেকে রূপান্তরিত দুটি করে রচনার সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ঙ) কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'বাংলা বানানের নিয়ম' থেকে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধিতে পৌঁছতে কোন্ কোন্ নিয়ম বর্জন, সংযোজন, সংশোধন করা হয়েছে তার উল্লেখ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) তিনটি সংবাদ এজেন্সির নাম, তাদের সংবাদ সংগ্রহের উৎস এবং সম্ভাব্য গ্রাহকদের সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন।

(খ) একটি আদর্শ প্রতিবেদন রচনা করতে যে সব বৈশিষ্ট্য আশা করা হয় সেগুলি উল্লেখ করুন।

(গ) শ্রীকৃষ্ণকীর্তন থেকে 'চণ্ডীমঙ্গল'-এর পর্যায় পর্যন্ত বানান বিভ্রান্তিজনিত যে সমস্যা সৃষ্টি হয়েছিল তার পরিচয় দিন।

(ঘ) বাংলা গদ্যের বানানে চলিত রীতির ব্যবহারে প্যারীচাঁদ মিত্র ও কালীপ্রসন্ন সিংহ-র বৈশিষ্ট্য আলোচনা করুন।

(ঙ) অনুবাদের সমস্যা ও সমাধান সম্পর্কে আপনার অভিমত লিপিবদ্ধ করুন। অনুবাদের তিনটি ধারার কোন্‌টিতে আপনি স্বচ্ছন্দ ?

(চ) বাংলা বর্ণ আর উচ্চারণের সংগতি ও অসংগতির ক্ষেত্রগুলি আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) সংবাদপত্রের প্রতিবেদক এবং প্রতিবেদন রচনার পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) ‘পরিবেশ রক্ষায় পলিব্যাগ প্রতিরোধ আন্দোলন বাঞ্ছনীয়’ — এই শিরোনামসহ দশ-বারটি বাক্যে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

(গ) ‘হলুদ সাংবাদিকতার’ অর্থ ও তাৎপর্য বুঝিয়ে দিন।

(ঘ) চর্যাপদে যে কয়েকটি বর্ণচিহ্নের প্রয়োগ ছিল না তার উল্লেখ করুন। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ ও ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে কীভাবে বানানের বিবর্তন ঘটেছে তার দুটি করে উদাহরণ দিন।

(ঙ) বাংলা গদ্য রচনায় বিদ্যাসাগরের বানান নীতির যে প্রতিফলন ঘটেছে তার উদাহরণসহ পরিচয় দিন।

(চ) বাংলা কোন্ কোন্ বর্ণের দুটি করে উচ্চারণ — উদাহরণসহ নির্দিষ্ট করুন।

(ছ) বাংলা বানান লেখার পদ্ধতিতে কিছু জটিলতা আছে। উপযুক্ত উদাহরণসহ সেগুলির সংশোধনের উপায় আলোচনা করুন।

(জ) সংবাদ সংকলন ও কপি পরীক্ষার গুরুত্ব বুঝিয়ে দিন।

(ঝ) সংবাদপত্রের ‘টাইপসজ্জা’ ও ‘মার্জিন’-এর প্রয়োজনীয়তা আলোচনা করুন।